








মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহীর ২৬/০৮/২০২১ তারিখের ৬২৭(৮)/৩য়-১৮/সংস্থাপন স্মারকে গঠিত “অভিযোগ প্রতিকার ও ব্যবস্থাপনা” (G.R.S) কার্যক্রম পরিচালনা কমিটি” অত্র শিক্ষা বোর্ডের অভিযোগ প্রতিকার ও ব্যবস্থাপনা (G.R.S) সংক্রান্ত কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য গঠিত কমিটির সদস্যদের নিয়ে অদ্য ১৩/০২/২০২২ তারিখ রবিবার বিকাল ০৪:০০ ঘটিকায় শিক্ষা বোর্ডের উপ পরিচালক (হি: নি:), জনাব মো: বাদশা হোসেন এর অফিস কক্ষে ২য় সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন শিক্ষা বোর্ডের সম্মানিত উপ পরিচালক (হি: নি:) জনাব মো: বাদশা হোসেন। সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন এবং বিভিন্ন বিষয়ে সদস্যদের মধ্যে বিস্তারিত আলোচনাতে নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ

ক্র:নং	নাম ও পদবী		
১.	জনাব মো: বাদশা হোসেন, উপ পরিচালক (হি: নি:) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী	আহ্বায়ক	
২.	জনাব মো: জাহিদুর রহিম, উপ পরীক্ষা নিয়ন্ত্রক মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী	সদস্য	
৩.	জনাব মো: আজাহার আলী, প্রশাসনিক কর্মকর্তা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী	সদস্য	
৪.	জনাব মো: নেসার উদ্দীন আহম্মদ উপ সচিব (প্রশাসন) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী	বিকল্প ফোকাল পয়েন্ট	
৫.	জনাব হোসনে আরা আরজু, উপ-বিদ্যালয় পরিদর্শক মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী	ফোকাল পয়েন্ট	

আলোচ্য বিষয়-১ : প্রশিক্ষণ সংক্রান্ত আলোচনা।

সিদ্ধান্ত-১ : স্মারক নং -৮৫৯(৩) ১ম - ৭২/সং (৩য়), তাং- ২৯/১১/২১ আদেশে ২ (দুই) টি ব্যাচের কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ প্রদানের জন্য সম্ভাব্য তারিখ হিসেবে যথাক্রমে ২২/০১/২০২২ ও ২৯/০১/২০২২ নির্ধারণের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়। গত ২২/০১/২০২২ তারিখ প্রশিক্ষণ প্রদানের পর, দেশে করোনা পরিস্থিতি ভয়াবহ আকার ধারণ করায় ২৯/০১/২০২২ তারিখের প্রশিক্ষণ আপাতত স্থগিত করা হয়। অদ্যকার তারিখে এই সিদ্ধান্ত গ্রহণ করা হয় যে, আগামী ১২.০৩.২০২২ তারিখ শনিবার দ্বিতীয় ব্যাচ প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হবে। আরো সিদ্ধান্ত নেওয়া হয় যে, প্রথম রেজুলেশনের সিদ্ধান্ত অনুযায়ী অগ্রীম গ্রহনকৃত টাকার ৫৪৫০০/(চুয়ান্ন হাজার পাঁচশত) টাকা হতে ২য় ব্যাচের প্রশিক্ষণ বাবদ ব্যয়ভার পরিচালনা করা হবে।

আলোচ্য বিষয়-২ : অভিযোগ সংক্রান্ত আলোচনা।

সিদ্ধান্ত-২ : ০১.০১.২০২২ তারিখ হতে ৩১.০১.২০২২ তারিখ পর্যন্ত জি.আর.এস পদ্ধতিতে কোন অভিযোগ পাওয়া যায় নি। এছাড়া ২৬.০৮.২০২১ তারিখ হতে ৩১.১২.২০২১ তারিখ পর্যন্ত বিদ্যালয় শাখা ও কলেজ শাখা হতে যে ১৫ টি অভিযোগ পাওয়া গিয়েছিল তা জি.আর.এস পদ্ধতিতে ছিল না। এমতাবস্থায় উক্ত ১৫ টি অভিযোগ নিষ্পত্তি হয়নি। কলেজ ও বিদ্যালয় শাখার নির্ধারিত বিধি মোতাবেক অভিযোগগুলি নিষ্পত্তির জন্য প্রক্রিয়াধীন আছে।

আলোচ্য বিষয়-৩ : অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) নিয়োগ সংক্রান্ত আলোচনা।

সিদ্ধান্ত-৩ : অভিযোগ নিষ্পত্তির জন্য শিক্ষা বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের সাথে অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) নিয়োগ বিষয়ে আলোচনা করা হয়। তিনি অফিস আদেশ ৪৭১/১ম-১৬২/সং তারিখ ২/২/২২ এর মাধ্যমে এই বোর্ডের সচিব মো: হুমায়ুন কবীর কে অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) এর দায়িত্ব প্রদান করেন।

সভায় আর কোন আলোচনা বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।



জনাব মো: বাদশা হোসেন

আস্হায়ক

অভিযোগ প্রতিকার ও ব্যবস্থাপনা (জি আর এস)

পরিচালনা কমিটি

ও

উপ-পরিচালক (হি:নি:)

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

রাজশাহী